

বাংলা (নতুন পাঠক্রম)

পত্র : ৪০২

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক। যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

(প্রতিটি এককের জন্য পৃথক উত্তরপত্র ব্যবহার করতে হবে।)

একক : ১ (মান ২০)

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

(ক) 'সাহিত্যে দুঃখকর কাহিনী কেন আনন্দ দেয় এবং সেই কারণে কেন তাকে সৌন্দর্যের কোঠায় গণ্য করি'—রবীন্দ্রনাথ এই প্রশ্নের উত্তর নিজেই যেভাবে 'সাহিত্যের পথে'-র ভূমিকায় এবং অন্যত্র দিয়েছেন, তা ব্যাখ্যা করো।

(খ) 'আধুনিকতা' বিষয়টিকে রবীন্দ্রনাথ 'মর্জি' দিয়ে বুঝতে চাইলেও আধুনিকতা ব্যাপারে স্ববিরোধিতা কাটিয়ে উঠতে পারেননি।—রবীন্দ্রনাথের এই স্ববিরোধিতাকে 'সাহিত্যে নবত্ব' ও 'আধুনিক কাব্য' অনুসরণে বুঝিয়ে দাও।

২। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

(ক) 'রবীন্দ্রনাথের রাষ্ট্রনৈতিক মত' প্রবন্ধের বক্তব্য তোমার নিজের ভাষায় লেখো।

(খ) 'ছোটো ও বড়ো' প্রবন্ধে রবীন্দ্রনাথ ইংরেজ-চরিত্র কীভাবে দেখেছেন তা নিজের ভাষায় লেখো।

পত্র ৪০২/১ -এর এক-একটি প্রশ্নের উত্তর তিন পৃষ্ঠা হিসেবে মোট ছয় পৃষ্ঠার মধ্যে দুটি উত্তর লিখতে হবে। উত্তরপত্রের প্রথম পৃষ্ঠা সহ বাকি পৃষ্ঠাগুলিকে পর পর সাজিয়ে একটি পি ডি এফ ফাইল করে কলেজের নির্দিষ্ট করে দেওয়া ই-মেল আইডি-তে অ্যাটাচ করে পাঠাতে হবে।

একক : ২ (মান ২০)

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

(ক) 'ময়লা আঁচল' উপন্যাসটির নামকরণের সার্থকতা বিচার করো।

(খ) 'ময়লা আঁচল' উপন্যাসটির প্রশান্ত ডাক্তার নামী চরিত্রটি বিশ্লেষণ করো।

২। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

(ক) তোমার পঠিত তিনটি গল্প - 'সৃষ্টি', 'পুনশ্চ' ও 'সদগতি'-তে কাকে তুমি শ্রেষ্ঠ নায়ক নায়ক বিবেচনা করবে যুক্তি দিয়ে বোঝাও।

(খ) পাঠক্রমের অন্তর্ভুক্ত তিনটি গল্পে চাকরবাকর চরিত্রের যে উপযোগিতা রয়েছে তা সংক্ষেপে লেখো।

পত্র ৪০২/২ -এর এক-একটি প্রশ্নের উত্তর তিন পৃষ্ঠা হিসেবে মোট ছয় পৃষ্ঠার মধ্যে দুটি উত্তর লিখতে হবে। উত্তরপত্রের প্রথম পৃষ্ঠা সহ বাকি পৃষ্ঠাগুলিকে পর পর সাজিয়ে একটি পি ডি এফ ফাইল করে কলেজের নির্দিষ্ট করে দেওয়া ই-মেল আইডি-তে অ্যাটাচ করে পাঠাতে হবে।